**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, বিআরটিএ ভবন**
**নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।**
**www.brta.gov.bd**

২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ।
সভার তারিখ ঃ ২২.১২.২০২০খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান ঃ বিআরটিএ'র সম্মেলন কক্ষ, ঢাকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচালক (এনফোর্সমেন্ট) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | সভায় সদস্য সচিব জানান যে, ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনের ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৫% রয়েছে যা ইতোমধ্যে ৩.৬৫% অর্জন করা হয়েছে। এছাড়া ৩য় প্রান্তিকে ১০% এবং ৪র্থ প্রান্তিকে ২০% ই-টেন্ডার লক্ষ্যমাত্রা রয়েছে। পরিচালক অপারেশন জানান যে, ই-টেন্ডারের কার্যক্রম এ প্রান্তিকে আর নেই। ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা সংশোধন করে ৩%, ৩য় প্রান্তিকের ১০% এবং ৪র্থ প্রান্তিকে ই-টেন্ডার এর লক্ষ্যমাত্রা ১৫% করা যেতে পারে। | ই-টেন্ডারের লক্ষ্যমাত্রা সংশোধন করে ২য় প্রান্তিকে ৩%, ৩য় প্রান্তিকে ১০% এবং ৪র্থ প্রান্তিকে ১৫% করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অপারেশন) |
| ২. | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন | উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, প্রতি ৩ মাস অন্তর সচিবালয় নির্দেশমালা অনুযায়ী পরিদর্শন করার নিয়ম রয়েছে। সভাপতি বলেন, পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালক সকলকেই পরিদর্শন করতে হবে। সচিবালয়ের নির্দেশমালা অনুসারে পরিদর্শন হচ্ছে কিনা পরিচালকগণ মনিটরিং করবেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী শাখা/ অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন করতে হবে। সচিব/পরিচালকগণ নিয়মিত মনিটরিং করবেন। | সচিব/পরিচালক (সকল) |
| ৩. | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ৫০% রয়েছে। | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন ১৫/১২/২০২০খ্রিঃ তারিখের মধ্যে এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ৪. | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | নথির শ্রেণি বিন্যাস করার জন্য লক্ষমাত্রা ৭০% রয়েছে। প্রতি প্রান্তিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৭০% শ্রেনীবিন্যাস করা প্রয়োজন। সভাপতি বলেন, নথি খোলার সময় শ্রেণী বিন্যাস করা উচিত। | নথির শ্রেণি বিন্যাসকরণ প্রতিবেদন নির্ধারিত ছকে ১৫/১২/২০২০খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ৫. | ওয়েবসাইট হালনাগাদ করণ | শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সহ ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। প্রোগ্রামার জনাব হোসেন মমতাজ জানান, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সহ ওয়েবসাইট হালনাগাদ রয়েছে। সভাপতি বলেন, ওয়েবসাইট হালনাগাদের বিষয় সকল সচিব/পরিচালক ওয়েবসাইট নিয়মিত পর্যাবেক্ষন করবেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ এবং মনিটরিং করতে হবে। | প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | বিআরটিএ'র সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সদস্য সচিব জানান যে, গত ২৬/১১/২০২০খ্রিঃ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে শুদ্ধাচার সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিআরটিএ'র NIS এর ৯.১ কার্যক্রমের বিআরটিএ'র সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ এর লক্ষ্যমাত্রা পরিবর্তন করার নির্দেশনা রয়েছে। সেবা বিজ্ঞপ্তির লক্ষ্যমাত্রা ছিল প্রতি প্রান্তিকে ১২, অর্জন হয়েছে ১ম প্রান্তিকে ৭২ ও ২য় প্রান্তিকে ৮৭। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪১ তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০২০ বলা হয়েছে, দপ্তর/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা কোন যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুদোনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করে আগামী ৩১ ডিসেম্বর ২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত সংশোধন করা যাবে। সে মোতাবেক NIS এর ক্রমঃ ৯.১ সংশোধন করা যেতে পারে। | বিআরটিএ'র সেবা বিজ্ঞপ্তির লক্ষ্যমাত্রা সংশোধন করে ১ম প্রান্তিকে ১২ এর স্থলে ৭০, ২য় প্রান্তিকে ১২ এর স্থলে ৭০, ৩য় প্রান্তিকের ১২ এর স্থলে ৫০ এবং ৪র্থ প্রান্তিকের ১২ এর স্থলে ৫০ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৭. | মোবাইল কোর্ট পরিচালনা | সদস্য সচিব জানান যে, বিআরটিএ'র মোবাইল কোর্ট পরিচালনা প্রতি প্রান্তিকে লক্ষ্যমাত্রা ছিল ৩০০। সড়কে শৃঙ্খলা রক্ষা ও লকডাউন পরবর্তীতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে গণপরিবহন পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্টের অভিযান লক্ষ্যমাত্রার চেয়ে অর্জন বেশি হয়েছে বিধায় লক্ষ্যমাত্রা সংশোধন প্রয়োজন। | মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যমাত্রা সংশোধন করে ১ম প্রান্তিকে ৩০০ এর স্থলে ৭০০, ২য় প্রান্তিকে ৩০০ এর স্থলে ৭০০, ৩য় প্রান্তিকের ৩০০ এর স্থলে ৫০০ এবং ৪র্থ প্রান্তিকের ৩০০ এর স্থলে ৫০০ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৮. | কর্ম পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিও এন্ড ই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নত বৃদ্ধি ) | আউট সোর্সিং কর্মীর মাধ্যমে পরিস্কার পরিচ্ছনতার কাজ নিয়মিত করতে হবে। স্বাস্থ্যবিধি অনুসরণ কার্যক্রম চলমান আছে। অকেজো মালামাল থাকলে বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণের বিষয় আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯-৩৩৪৭

তারিখ ঃ ০১-১২-২০২০ খ্রিঃ।

**বিতরণ ঃ**

১। সচিব, পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপাঃ/রোড সেফটি/প্রশিক্ষণ) বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)

(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৮১৫৪৭০২২

C:\Users\Hp\Box\Marnuj\শুদ্ধাচার সংক্রান্ত সকল পত্র ও রেজুলেশন\শুদ্ধাচার ২০১৯-২০২০ রেজুলেশন.doc